



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলফুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

বৃষিই সমৃদ্ধি

স্মারক নং : ১২.২৭১.০৩৫.০১.০২.১৪২.২০১২- ২১৬

তারিখ : ২০ মে ২০১৯

বরাবর

- ১। মহাব্যবস্থাপক (পাট বীজ)
বিএডিসি, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার)
বিএডিসি, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (বীউ)
বিএডিসি, ঢাকা।

বিষয় : ২০১৮-১৯ বর্ষে উৎপাদিত ভিত্তি এবং মানঘোষিত শ্রেণির হাইব্রিড ভুট্টা বীজ সংগ্রহ কর্মসূচি।

সূত্র : প্রকল্প পরিচালক (বীউ) দপ্তরের স্মারক নং ১২.২৮২.০৩৫.০১.০৫.০০৫.২০১৬-৩৫৫ তারিখ ২১ অক্টোবর ২০১৮।

চলতি ২০১৮-১৯ উৎপাদন বর্ষে পাট বীজ বিভাগ, খামার বিভাগ এবং ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন প্রকল্পের অধীনে উৎপাদিত ভুট্টা বীজের শ্রেণিভিত্তিক সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো :


ক্রমিক নং	বিভাগ/প্রকল্পের নাম	বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে. টন)				
		ভিত্তি	প্রত্যয়িত	মানঘোষিত	হাইব্রিড	মোট
১	পাট বীজ বিভাগ	০	০	০	৬.৪০	৬.৪০
২	খামার বিভাগ	০	০	০	৮.৬০	৮.৬০
৩	ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প	৭৬.০০	০	০	২০.০০	৯৬.০০
মোট :		৭৬.০০	০	০	৩৫.০০	১১১.০০


- ২। ২০১৮-১৯ বর্ষে বিভাগ/প্রকল্পওয়ারি শ্রেণি ও জাতভিত্তিক ভুট্টা বীজ সংগ্রহের একীভূত বিভাজন পরিশিষ্ট-‘ক’ তে দেখানো হলো। সংস্থার খামারসমূহে উৎপাদিত বীজ জারিকৃত নির্ধারিত সংগ্রহ কর্মসূচির অতিরিক্ত হলেও সমুদয় মানসম্পন্ন বীজ সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র/বীউ কেন্দ্র কর্তৃক উত্তোলন করতে হবে। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগ এবং ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প (বীউ) উত্তোলন কর্মসূচি জারি করবে।
- ৩। স্ব স্ব বিভাগ/প্রকল্প/কর্মসূচি প্রধানগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী খামার ও জোনওয়ারি ভুট্টা বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা জারি করবেন।
- ৪। বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক ভিত্তি ও প্রত্যয়িত শ্রেণির যে সকল প্লট পরিদর্শনের পর গৃহীত হয়েছে, তার প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট খামার বীজ উৎপাদন (বীউ) কেন্দ্রসমূহে সরবরাহ নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট অফিস প্রধানগণ প্রেরককে বীজের প্রাপ্তি চালান ফেরত/বীজের মূল্য পরিশোধের পূর্বেই বর্ণিত প্রত্যয়ন প্রাপ্তি নিশ্চিত করবেন। অন্যথায় বীজ গ্রহণকারী অফিস দায়ী থাকবে না।
- ৫। বীজ সংগ্রহকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিশ্চয়তা বিধান করতে হবে যে, কেবল অনুমোদনপ্রাপ্ত প্লটের বীজ চাষি কর্তৃক যথাসময়ে কর্তন, মাড়াই, পরিষ্কারকরণ এবং প্রাথমিকভাবে শুকানোর মত কার্যাদি যথেষ্ট সতর্কতার সাথে সম্পাদন করা হয়েছে।
- ৬। বীজ সংগ্রহের ক্ষেত্রে ‘মাঠমান’ ও ‘বীজমান’ নিশ্চিত হয়ে বীজ সংগ্রহ করতে হবে।
- ৭। উপপরিচালক (বীউ) সংশ্লিষ্ট উপপরিচালক/যুগ্মপরিচালক (পাট বীজ/খামার) এর নিকট থেকে বীজ প্রাপ্তির পর বীজের গুণগত মান নিশ্চিত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে বীজ উৎপাদন কেন্দ্রের ট্রানজিট সিড ষ্টোরে রাখবেন। তবে চূড়ান্ত বীজ প্রাপ্তি সর্বোচ্চ ২১ দিনের মধ্যে নিশ্চিত করতে হবে।

২০.০৫.১৯

Programmer
C.19

- ৮। পাট বীজ খামার, বীজ উৎপাদন প্রকল্প ও খামার বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট হতে বীজ গ্রহণের পর সংশ্লিষ্ট বীউ কেন্দ্র বীজের পরিমাণ উল্লেখপূর্বক প্রাপ্তি স্বীকারোক্তির রশিদ প্রদান করবে। বীজ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ২১ দিনের মধ্যে চূড়ান্ত প্রাপ্তি স্বীকার পত্র অবশ্যই প্রদান করতে হবে। গৃহীত বীজের গুণগত মান অক্ষুণ্ণ রাখার দায়িত্ব সংশ্লিষ্ট বীউ কেন্দ্রের বীজের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের উপর বর্তাবে। গৃহীত বীজের চালানে বীজের নাম, শ্রেণি, উৎপাদন বর্ষ, পরিমাণ, লট নম্বর, কেন্দ্রের নাম, অংকুরোদগম ক্ষমতাসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ করতে হবে এবং বীজ সরবরাহকারী কর্মকর্তাকে সরবরাহ নিশ্চিত করতে হবে। বীজ সংগ্রহকালে বীজের অঙ্কুরোদগম ক্ষমতা ন্যূনতম ৯০%, বিগুহতা নির্ধারিত মান অনুযায়ী এবং আর্দ্রতা সর্বোচ্চ ১২% থাকতে হবে।
- ৯। সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী ভুট্টা বীজ নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ/উত্তোলন/পরিবহণ ও বীউ কেন্দ্রে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। ভুট্টা বীজ ফসল কর্তন, মাড়াই, শুকানো এবং পরিষ্কারের সঙ্গে সঙ্গে সংগ্রহ কেন্দ্রে পরিবহণ ও সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও বিভাগ/প্রকল্প প্রধানগণ ব্যক্তিগতভাবে উদ্যোগী হবেন। 'পোস্ট হারভেস্ট' মান নিয়ন্ত্রণের প্রত্যেকটি ধাপ যেন পালিত হয় সে ব্যবস্থা অবশ্যই গ্রহণ করতে হবে।
- ১০। এই দপ্তর হতে ইতোপূর্বে জারিকৃত স্মারক নং ৩০৬ তারিখ ০৩/০৪/১৯৯০ এর মাধ্যমে ভিত্তি বীজের জন্য এবং স্মারক নং ২৯৮ তারিখ ৩১/০৩/১৯৯০ এর মাধ্যমে প্রত্যয়িত ও মানবোধিত শ্রেণির বীজের সংগ্রহমান ও সংগ্রহ পদ্ধতির নীতিমালা কঠোরভাবে অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ১১। সকল শ্রেণির ভুট্টা বীজ সংগ্রহের কার্যক্রম আগামী ০৩/০৬/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও বিভাগীয় প্রধানগণ ব্যক্তিগতভাবে উদ্যোগ নিবেন এবং বীজ সংগ্রহ কাজ নিয়মিত মনিটর করবেন। বীজ সংগ্রহ, সংরক্ষণ ও মান অক্ষুণ্ণ রাখার জন্য প্রত্যেকটি প্রযুক্তিগত ধাপ যেন সতর্কতার সাথে প্রতিপালিত হয়, সে ব্যবস্থা অবশ্যই গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই বীজ সংগ্রহের সময়সীমা বর্ধিত করা হবে না।
- ১২। সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী ভুট্টা বীজ উত্তোলন ও সংরক্ষণের অগ্রগতি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মনিটর করবেন এবং স্ব-স্ব বিভাগ/প্রকল্প/কর্মসূচির বিভাজন অনুযায়ী শ্রেণি ও জাতভিত্তিক সাপ্তাহিক অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করবেন। সংগ্রহ শেষে চূড়ান্ত রিপোর্ট আগামী ২০/০৬/২০১৯ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ১৩। শুধুমাত্র পরিদর্শনকৃত বীজ প্লট হতে বীজ সংগ্রহ করতে হবে।
- ১৪। বীজ আইন ২০১৮, বীজ বিধিমালা, বিএডিসি'র বীজ উৎপাদন, সংগ্রহ এবং সংরক্ষণ ম্যনুয়েল অনুসরণ করে বীজ সংগ্রহ, সরবরাহ এবং সংরক্ষণ করতে হবে।
- সংযুক্তি : বর্ণনামতে পরিশিষ্ট-'ক' ১(এক) সেট।


২০.০৬.১৯



(কৃষিক্রম-আওতোর লাহিড়ী)

মহাব্যবস্থাপক (বীজ)

বিএডিসি, ঢাকা

ফোন : ৯৫৫২৩১৭

Email: gmseed@badc.gov.bd

অনুলিপি (কার্যার্থে) :

- ১। যুগ্মপরিচালক (খামার), বিএডিসি, দশনগর, বিনাইদহ।
- ২। যুগ্মপরিচালক (বীজ পরীক্ষাগার), বিএডিসি, বীজভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজস/বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা।
- ৪। প্রধান (মনিটরিং) ও কো-অর্ডিনেটর, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা (কৃষি সমাচারে প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :


- ১। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।


(পরিশিষ্ট-ক)


২০১৮-১৯ বর্ষে ভূট্টা বীজ সংগ্রহের লক্ষ্যমাত্রা

(হিসাব মোটন)

ক্র.সং	বিভাগ/প্রকল্প	বীজের নাম	উৎপাদন লক্ষ্যমাত্রা			হুড়াক্ত গৃহীত এড়িয়া (এফসু)			সঞ্চয়্য বীজ প্রাপ্যতা			বীজ সংগ্রহ কর্মসূচি						
			ভিত্তি	প্রত্যয়িত	মানযোষিত	মোট	ভিত্তি	প্রত্যয়িত	মানযোষিত	মোট	ভিত্তি	প্রত্যয়িত	মানযোষিত	মোট	ভিত্তি	প্রত্যয়িত	মানযোষিত	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
২	বীজ	খৈ ভূট্টা	৭৫.০০			৭৫.০০			৭৫.০০					৭৮.০০	৭৬.০০			৭৬.০০
৩	বীজ	বারি হাইব্রিড ভূট্টা ৯			২০.০০	২০.০০			২২.৫০	২২.৫০				২১.৮০			২০.০০	২০.০০
৪	খামার বিভাগের মোট	বীজ মোট	৭৫.০০	০.০০	২০.০০	৯৫.০০	০.০০	০.০০	২২.৫০	৯৭.৫০	৭৮.০০	০.০০	২১.৮০	৯৯.৮০	৭৬.০০	০.০০	২০.০০	৯৬.০০
৫	খামার বিভাগের মোট	বারি হাইব্রিড ভূট্টা ৯			৯.৬০	৯.৬০			১২.০০	১২.০০			৮.৯০	৮.৯০			৮.৬০	৮.৬০
৬	পাট	বারি হাইব্রিড ভূট্টা ৯	০.০০	০.০০	৬.৮০	৬.৮০	০.০০	০.০০	১২.০০	১২.০০	০.০০	০.০০	৬.৮০	৬.৮০	০.০০	০.০০	৬.৮০	৬.৮০
৭	পাট	বারি হাইব্রিড ভূট্টা ৯	০.০০	০.০০	৬.৮০	৬.৮০	০.০০	০.০০	৮.০০	৮.০০	০.০০	০.০০	৬.৮০	৬.৮০	০.০০	০.০০	৬.৮০	৬.৮০
৮	সর্বমোট	সর্বমোট	৭৫.০০	০.০০	৩৬.০০	১১১.০০	০.০০	০.০০	৪২.৫০	১১৭.৫০	৭৮.০০	০.০০	৩৭.৬০	১১৫.৬০	৭৬.০০	০.০০	৩৫.০০	১১১.০০


(সোনজিন্দা আজার)
উপব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।


(মো: ফখরুল হাসান প্রধান)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।


(মুন্সিপিঞ্জা জাতীয় পরিষদ)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।